ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# জাতীয় শুদ্ধাচার কৌশল: বাস্তবায়ন ও অগ্রগতি


শাম্মী লায়লা ইসলাম

সাধন কুমার দাস


২৯ মে ২০১৪

# সোনার বাংলা গড়ার প্রত্যয়

## জাতীয় শুদ্ধাচার কৌশল

(National Integrity Strategy of Bangladesh)

মন্ত্রিপরিষদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কার্তিক ১৪১৯/অক্টোবর ২০১২

# জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়নের প্রেক্ষাপট

সামাজিক মূল্যবোধের অবক্ষয়জনিত কারণে দুর্নীতির প্রবণতা বৃদ্ধি রোধে সরকারের অবস্থান

ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প ২০২১ এবং বাংলাদেশ পরিপ্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১-এ সরকারের দুর্নীতিবিরোধী অবস্থান প্রতিফলিত

দুর্নীতি বিস্তারের প্রেক্ষিতে রাজনৈতিক দলগুলোর অঙ্গীকার এবং সরকারের আইনগত ও প্রশাসনিক পদক্ষেপ

সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় তথ্যপ্রযুক্তির ব্যবহার ত্বরান্বিত করার উদ্যোগ

দুর্নীতিবিরোধী আইন-কানুন, প্রথা-পদ্ধতি, পরিকল্পনার সুষ্ঠু প্রয়োগ ও সমন্বয়ের অভাব এবং সরকারি ও বেসরকারি পর্যায়ে দুর্নীতির সুযোগ বৃদ্ধির প্রেক্ষিতে জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার তাগিদ

জাতিসংঘ দুর্নীতিবিরোধী সনদের অঙ্গীকার বাস্তবায়ন এবং সুশীল সমাজের দাবি

## জাতীয় শুদ্ধাচার কৌশলের মূল উপাদান

- শুদ্ধাচার হলো নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ
- ব্যক্তিপর্যায়ে শুদ্ধাচার হলো কর্তব্যনিষ্ঠা, সততা এবং চরিত্রনিষ্ঠা
- প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার হলো রাষ্ট্রীয় আইনকানুন ও অন্যান্য প্রাতিষ্ঠানিক নিয়মনীতি ও দর্শন প্রণয়ন এবং অনুসরণ
- রাষ্ট্র ও সমাজের ঐতিহ্য, সংস্কৃতি, সংবিধান, প্রতিষ্ঠান, আইন-কানুন ও তার প্রকৃত বাস্তবায়নের সাথে জড়িয়ে আছে জাতীয় শুদ্ধাচার
- জাতীয় শুদ্ধাচার কৌশল হলো রাষ্ট্রীয় ও অরাষ্ট্রীয় প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উদ্দেশ্যে প্রণীত মেয়াদভিত্তিক (স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী) কর্মপরিকল্পনা ও তার বাস্তবায়ন
- শুধুমাত্র দুর্নীতির উৎপাটন নয়, বরং সমাজে ও রাষ্ট্রযন্ত্রে একটি ন্যায়পরায়ণতাভিত্তিক ব্যবস্থা তৈরি করার প্রত্যাশায় ২০১২ সালে কৌশলটি প্রণীত

- কৌশলের রূপকল্প: সুখী-সমৃদ্ধ সোনার বাংলা
- কৌশলের অভিলক্ষ্য: রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা

# জাতীয় শুদ্ধাচার কৌশলে অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান

## রাষ্ট্রীয় প্রতিষ্ঠান

১. নির্বাহী বিভাগ ও জনপ্রশাসন
২. জাতীয় সংসদ
৩. বিচার বিভাগ
৪. নির্বাচন কমিশন
৫. অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
৬. সরকারি কর্ম-কমিশন
৭. মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়
৮. ন্যায়পাল
৯. দুর্নীতি দমন কমিশন
১০. স্থানীয় সরকার

## অরাষ্ট্রীয় প্রতিষ্ঠান

১. রাজনৈতিক দল
২. বেসরকারি খাতের শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান
৩. এনজিও ও সুশীল সমাজ
৪. পরিবার
৫. শিক্ষাপ্রতিষ্ঠান
৬. গণমাধ্যম

# গবেষণার প্রেক্ষাপট ও যৌক্তিকতা

কৌশলপত্র বাস্তবায়নে সরকার ও বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের নানামুখী উদ্যোগ

২০১৩ সালে প্রকাশিত একটি স্বতন্ত্র পর্যালোচনায় উঠে আসে কৌশল বাস্তবায়নে সরকারের নানা পদক্ষেপ এবং কিছুক্ষেত্রে সাফল্যের চিত্র

কৌশলপত্রের অগ্রগতি মূল্যায়নে সুশীল সমাজের পক্ষ থেকে স্বতন্ত্র ও নিরপেক্ষ পর্যবেক্ষণের প্রয়োজনীয়তা

জাতীয় শুদ্ধাচার ব্যবস্থার ওপর টিআইবি'র দীর্ঘদিনের গবেষণা ও নীতিপর্যায়ে প্রচারণার অভিজ্ঞতার সাথে সাযুজ্যপূর্ণ

কৌশলপত্রের দুর্বলতা এবং বাস্তবায়নের চ্যালেঞ্জ চিহ্নিত করার মাধ্যমে সরকারকে কৌশলপত্রের কার্যকর বাস্তবায়নে সহায়তা

# গবেষণার উদ্দেশ্য

জাতীয় শুদ্ধাচার কৌশলপত্রে প্রস্তাবিত উদ্দেশ্য অনুযায়ী এ দলিলটি কতখানি পরিপূর্ণ এবং বাস্তবায়নের ক্ষেত্রে কতখানি যথার্থ তা পর্যালোচনা করা

কৌশলপত্রে উল্লিখিত কর্মপরিকল্পনা বিশেষ করে স্বল্পমেয়াদী কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি বিশ্লেষণ করা

কৌশলপত্রটির ঘাটতিসমূহ চিহ্নিত করা এবং বাস্তবায়নের চ্যালেঞ্জ বিশ্লেষণ করে সুপারিশ প্রদান করা

# গবেষণা পদ্ধতি

## গবেষণাটি গুণবাচক তথ্য নির্ভর

### তথ্যের উৎস

- **পরোক্ষ তথ্যের প্রধান উৎস-**

জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র, সরকারের বিভিন্ন পরিকল্পনা দলিল, নির্বাচনী ইশতেহার, কৌশলপত্রের ওপর স্বতন্ত্র পর্যালোচনা, শুদ্ধাচার ব্যবস্থা সম্পর্কিত প্রতিবেদন এবং টিআইবি'র গবেষণা প্রতিবেদন পর্যালোচনা

- **প্রত্যক্ষ তথ্যের উৎস-**

**মুখ্য তথ্যদাতা** - কৌশলপত্র প্রণয়নের সাথে যুক্ত অংশীজন, এবং কৌশলপত্রে উল্লিখিত রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের ফোকাল পয়েন্ট এবং জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটের কর্মকর্তা

**মতবিনিময় সভা** - খসড়া প্রতিবেদনের ওপর জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটের মতামত গ্রহণ

### গবেষণার সময়কাল

জানুয়ারি-মে ২০১৪

### পরিধি

জাতীয় শুদ্ধাচার কৌশলে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের কর্মপরিকল্পনায় অগ্রগতি ও ঘাটতি এবং কৌশল বাস্তবায়নের চ্যালেঞ্জ

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কাঠামো

- প্রধানমন্ত্রীর নেতৃত্বে ‘জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ’
- অর্থমন্ত্রীর নেতৃত্বে পরিষদের নির্বাহী কমিটি
- মন্ত্রিপরিষদ বিভাগের সচিবের তত্ত্বাবধানে এবং অতিরিক্ত সচিবের নেতৃত্বে ‘জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট’
- সকল মন্ত্রণালয়/বিভাগ ও প্রতিষ্ঠানসমূহে নৈতিকতা কমিটি
- নৈতিকতা কমিটির একজন সদস্যকে ‘ফোকাল পয়েন্ট’
- প্রতিষ্ঠানসমূহে ‘শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট’

- জনপ্রশাসনের মাধ্যমে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ব্যবস্থা
- শুদ্ধাচার প্রতিষ্ঠার উচ্চ গুরুত্ব বিবেচনা করে প্রতিষ্ঠানসমূহ স্বতঃপ্রণোদিত হয়ে চিহ্নিত পথরেখা অনুসরণে কর্মসূচি বাস্তবায়ন করবে
- কর্মসূচি বাস্তবায়নে জনপ্রশাসন কারিগরি সহায়তা এবং সম্পদ সরবরাহ করবে

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে গৃহীত সুনির্দিষ্ট পদক্ষেপ

- জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের সভায় শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রাধিকার নির্ধারিত
- নির্বাহী কমিটির একটি সভা অনুষ্ঠিত
- জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট কর্তৃক -
    - পত্র প্রেরণের মাধ্যমে মন্ত্রণালয়/প্রতিষ্ঠানসমূহে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা প্রেরণ
    - মন্ত্রণালয় সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টদের নিয়ে তিন পর্যায়ে আটটি কর্মশালা অনুষ্ঠিত
    - মন্ত্রণালয়/বিভাগসমূহের জ্যেষ্ঠ কর্মকর্তাদের নিয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত
    - তথ্য মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয়ের সহায়তায় যথাক্রমে গণমাধ্যম ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে দুটি মতবিনিময় সভা অনুষ্ঠিত
    - জেলা পর্যায়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত
- বিভাগীয় কমিশনার এবং কোনো কোনো জেলা প্রশাসক কর্তৃক স্থানীয় পর্যায়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত
- সংশ্লিষ্ট নৈতিকতা কমিটিসমূহ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নিজ নিজ প্রতিষ্ঠানে সভার আয়োজন এবং কৌশলপত্রের আলোকে বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন
- অধিকাংশ প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে প্রেরণ

## জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটের উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি

- সুশাসন ও শুদ্ধাচার প্রতিষ্ঠার গুরুত্ব উপলব্ধি ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি তিনমাস অন্তর মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্টগণের অংশগ্রহণে কর্মশালা আয়োজন
- মন্ত্রণালয়/বিভাগের জ্যেষ্ঠ কর্মকর্তা, গণমাধ্যম, ব্যবসায়ী প্রতিনিধিদের নিয়ে মতবিনিময় সভা আয়োজন
- শুদ্ধাচার প্রতিষ্ঠায় প্রয়োজনীয় আইনী সংস্কারের উদ্যোগ
- তিনটি উপ-কমিটি গঠন - তথ্য অধিকার, ভূমি ব্যবস্থাপনা ও খাদ্যে ভেজাল প্রতিরোধ সংক্রান্ত
- কৌশলপত্র বাস্তবায়নে প্রকল্প গ্রহণ
- বাস্তবায়ন ইউনিটের জনবল বৃদ্ধির উদ্যোগ গ্রহণ
- শুদ্ধাচার বাস্তবায়নে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগীদের সম্পৃক্তকরণ
- শুদ্ধাচার বাস্তবায়ন ও সুশাসন পরিস্থিতি পরিবীক্ষণের লক্ষ্যে একটি গবেষণা সম্পাদনের উদ্যোগ গ্রহণ
- সরকারি দপ্তরের সেবার মানোন্নয়ন এবং জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে জাতীয় সেবাপ্রদান ও অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত একটি নির্দেশিকা প্রণয়নের কার্যক্রম গ্রহণ
- সরকারি প্রতিষ্ঠানসমূহে তথ্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি এবং ই-সেবা কার্যক্রম চালুর উদ্যোগ

# প্রতিষ্ঠানভিত্তিক স্বল্পমেয়াদী ও চলমান কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা

# নির্বাহী বিভাগ ও জনপ্রশাসন

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| অংশগ্রহণমূলক সম্পাদিত কর্ম-মূল্যায়ন পদ্ধতি প্রবর্তন | খসড়া প্রণীত হওয়ার পর একটি পাইলট হয়েছে | কর্ম-মূল্যায়ন পদ্ধতি চূড়ান্ত হয়নি |
| আয় ও সম্পদের বিবরণ কর্তৃপক্ষের কাছে জমাদান | কোনো অগ্রগতি নাই | জমাদানের বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের ভিন্নমত রয়েছে |
| ই-গভর্নেন্স প্রবর্তনের জন্য আইসিটি অবকাঠামো প্রতিষ্ঠা | ২৫,০০০ ওয়েবসাইট সমৃদ্ধ ন্যাশনাল ওয়েব পোর্টাল তৈরি এবং ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম চালু | চলমান |
| অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তন | সরকারি প্রতিষ্ঠানসমূহে অভিযোগ গ্রহণের প্রক্রিয়া চলমান, আধুনিক প্রযুক্তি নির্ভর একটি পদ্ধতি প্রবর্তনের প্রক্রিয়া বিবেচনাধীন এবং জাতীয় সেবাপ্রদান ও অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকা প্রণয়নের উদ্যোগ | অভিযোগের প্রেক্ষিতে সুনির্দিষ্ট প্রক্রিয়া অনুসরণ করে কার্যকর ব্যবস্থাপনার অভাব রয়েছে |
| মামলা তদন্তে পৃথক তদন্ত বিভাগ প্রবর্তন | নাই | প্রবর্তিত হয়নি |
| কঠোরভাবে খাদ্য ও পণ্যের ভেজাল প্রতিরোধ | নিরাপদ খাদ্য আইন ২০১৩ প্রণীত, খাদ্যে ভেজাল প্রতিরোধের লক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে একটি উপকমিটি গঠিত | আইনটি এখনও বাস্তবায়িত হয়নি |

# জাতীয় সংসদ

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| সংসদের প্রথম অধিবেশনে বিরোধী দলসমূহের সঙ্গে পরামর্শক্রমে সংসদীয় কমিটিসমূহ গঠন | নবম ও দশম সংসদের প্রথম অধিবেশনেই সকল সংসদীয় স্থায়ী কমিটি গঠিত | অর্জিত হয়েছে কিন্তু দশম সংসদে বিরোধীদলের সাথে পরামর্শক্রমে স্থায়ী কমিটিগুলো গঠিত হয়েছে কিনা সে বিষয়ে বিতর্ক রয়েছে |
| বিরোধী দলীয় সদস্যদের অধিবেশনে নিয়মিত অংশগ্রহণ নিশ্চিত করার উদ্যোগ | দশম সংসদে বিরোধী দল নিয়মিতভাবে উপস্থিত | নবম সংসদে বিরোধী দল অধিকাংশ সময় অনুপস্থিত ছিলো। সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থার রীতি অনুসারে সরকারের গঠনমূলক সমালোচনার জায়গায় দশম সংসদে বিরোধী দলের ভূমিকা দৃশ্যমান নয় |
| প্রধানমন্ত্রী/মন্ত্রীগণের প্রশ্নোত্তর পর্বে সকল সদস্যের জন্য যৌক্তিক সময় বরাদ্দকরণ | প্রচলিত প্রথায় চলমান রয়েছে | সংসদ সদস্যদের জন্য যৌক্তিক কত সময় বরাদ্দ হবে তা নির্ধারিত হয়নি |
| নিয়মিতভাবে সরকারি হিসাব কমিটির বৈঠক অনুষ্ঠান | নবম সংসদে ২৬২টি বৈঠক এবং দশম সংসদে এ পর্যন্ত একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে | নবম সংসদে এ কমিটির কার্যকর ভূমিকা - মোট ৪১১৩টি নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি করেছে এবং ১৩৯৬.৭৪ কোটি টাকা আদায় এবং ২৫৬৬.৬৮ কোটি টাকা আদায়ের নির্দেশনা দিয়েছে। অপরদিকে ২৬২৭টি আপত্তি অনিষ্পন্ন ছিলো |
| সংসদীয় স্থায়ী কমিটিসমূহের নিয়মিত বৈঠক অব্যাহত রাখা | দশম সংসদে ২৭টি স্থায়ী ও সাব-কমিটি মোট ২৯টি বৈঠক করেছে | দশম সংসদের ৫০টি স্থায়ী ও সাব-কমিটির মধ্যে ২৩টি এখনও কোনো বৈঠক করেনি |
| জাতীয় সংসদ ও সংসদীয় কার্যপদ্ধতিতে তথ্যপ্রযুক্তির ব্যবহার | ই-সংসদ প্রবর্তনের উদ্যোগ সহ অন্যান্য ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির ব্যবহার | ওয়েবসাইটে প্রয়োজনীয় সকল তথ্য হালনাগাদ থাকে না এবং সংসদ চলাকালীন সময় সংরক্ষণ ছাড়া অন্য কোনো ক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার কম |

# বিচার বিভাগ

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| সুপ্রীম জুডিশিয়াল কাউন্সিলের ফলপ্রসূ কার্যনির্বাহের জন্য পদ্ধতি, নীতি ও কার্যপ্রণালি প্রণয়ন ও তাদের বাস্তবায়ন | নাই | সুপ্রীম জুডিশিয়াল কাউন্সিলের পদ্ধতি, নীতি ও কার্যপ্রণালি প্রণীত হয়নি |
| বিচারকগণের সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম পরিচালনা এবং বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট শক্তিশালীকরণ | বিচারকদের সক্ষমতা উন্নয়নের জন্য বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট থেকে নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করা হয় | চলমান |
| রেজিস্ট্রারের কার্যালয়কে শক্তিশালীকরণ | রেজিস্ট্রারের কার্যালয় শক্তিশালীকরণে সুনির্দিষ্ট উদ্যোগ নেওয়া হয়েছে | চলমান |
| বিকল্প বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ | আদালতের বাইরে বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা প্রবর্তিত | চলমান |

# বাংলাদেশ নির্বাচন কমিশন

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
| --- | --- | --- |
| সার্ভার স্টেশন, ডাটাবেজ ডিজাস্টার রিকভারি সেন্টার এবং ইলেকশন রিসোর্স সেন্টার নির্মাণ | ৪৭৯টির মধ্যে ৩৮৯টি জেলা সার্ভার স্টেশন এবং একটি রিকভারি সেন্টার চালু হয়েছে | এখনও রিসোর্স সেন্টার নির্মিত হয়নি |
| নির্বাচন কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি | সব ধরনের নির্বাচন পরিচালনার জন্য কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় | চলমান |
| বাংলাদেশ নির্বাচন কমিশন প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা ও সুসজ্জিতকরণ | ঢাকার আগারগাঁও-এ একটি নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন নির্মাণের বিষয়টি প্রক্রিয়াধীন | চলমান |
| ভোটার সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা | নির্বাচনের পূর্বে কমিশন নানা ধরনের ভোটার সচেতনতা বৃদ্ধিমূলক প্রচারণা চালায় | চলমান |

# অ্যাটর্নি জেনারেলের কার্যালয়

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| আইন কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিকল্পে ব্যবস্থা গ্রহণ | সক্ষমতা বৃদ্ধির জন্য কিছু পদক্ষেপ (যেমন, আইসিটি প্রশিক্ষণ) নেওয়া হয়েছে | চলমান |
| দরিদ্র জনগণের আইনি সহায়তা কার্যক্রমের পরিসর বৃদ্ধি | দরিদ্র মানুষের আইনি সহায়তা প্রাপ্তির সুযোগ তৈরির উদ্যোগ রয়েছে | চলমান |

# সরকারি কর্ম কমিশন

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| কর্ম কমিশনের আর্থিক ও ব্যবস্থাপনাগত স্বায়ত্তশাসনের লক্ষ্যে নীতি প্রণয়ন | নাই | কোনো নীতি প্রণয়নের উদ্যোগ নাই |
| কর্ম কমিশন কর্তৃক আধুনিক নিয়োগ পদ্ধতি বিষয়ে চাহিদাভিত্তিক প্রশিক্ষণ প্রদান | নাই | প্রশিক্ষণ প্রদানের জন্য কোনো প্রকার চাহিদা নিরূপণ ও কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়নি |

# মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| নিরীক্ষার পূঞ্জীভূত অনিষ্পন্ন কাজ সম্পাদনের জরুরি কর্মসূচি গ্রহণ | নবম জাতীয় সংসদের স্থায়ী কমিটির পদক্ষেপের মাধ্যমে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি পেয়েছে | নিরীক্ষা প্রক্রিয়ায় পুরনোগুলোর সাথে নতুন নতুন পর্যবেক্ষণ যুক্ত হওয়ায় নিরীক্ষা আপত্তি পুঞ্জীভূত হচ্ছে |
| দণ্ডমূলক ব্যবস্থার মাধ্যমে নিরীক্ষা পর্যবেক্ষণ ও সুপারিশ পরিপালন | কোনো ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে সরকারি অগ্রগতি নাই | দণ্ডমূলক ব্যবস্থা নেওয়ার জন্য সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের সুযোগ নাই |
| 'সোসাল পারফরমেন্স অডিট'-এর দক্ষতা উন্নয়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন | সোস্যাল পারফরমেন্স অডিট চালুর উদ্যোগ রয়েছে | জনবলের স্বল্পতার জন্য কার্যকর ভূমিকা রাখতে পারছে না |

# ন্যায়পাল

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| ন্যায়পাল, তাঁর দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ | জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের প্রথম বৈঠকে ন্যায়পাল নিয়োগের বিষয়টিকে আলোচিত তিনটি অগ্রাধিকারমূলক বিষয়ের একটি হিসেবে চিহ্নিত করা হয়েছে | ন্যায়পাল নিয়োগ হয়নি |
| ন্যায়পালের কার্যালয়ের ভৌত সুবিধা এবং ঢাকা ও আঞ্চলিক কার্যালয়সমূহের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম ও সামগ্রী সরবরাহ | নাই | ন্যায়পাল নিয়োগ না হওয়ায় এটি বাস্তবায়িত হয়নি |

# দুর্নীতি দমন কমিশন

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| আইনি সংস্কারের মাধ্যমে কমিশনের সক্ষমতা বৃদ্ধি ও তদন্ত পরিচালনায় পূর্ণ স্বাধীনতা দেওয়া | সংশোধিত দুদক আইনে সচিব নিয়োগের ক্ষমতা প্রদান, তদন্তের সময়সীমা হ্রাস, অভিযোগকারীর পরিচয় প্রকাশে বাধ্য না থাকা, তদন্ত চলাকালে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহের ক্ষমতা বৃদ্ধি ইত্যাদির মাধ্যমে দুদককে শক্তিশালী করা হয়েছে | - দুদক আইন সংশোধনের মাধ্যমে দুদককে দুর্বল করা হয়েছিল। তবে দুদককে দুর্বল করতে পারে এমন সংশোধনীটিকে রহিত করে হাইকোর্ট নির্দেশনা জারি করেছে<br>- তদন্ত পরিচালনায় সরকারের হস্তক্ষেপ রয়েছে |
| বিভিন্ন অংশীজনের সহায়তায় দুর্নীতির বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ | স্থানীয় নাগরিকদের অংশগ্রহণে দুর্নীতি প্রতিরোধ কমিটি এবং সততা সংঘ গঠন করে জনসচেতনতা তৈরি করা হচ্ছে | দুদকের প্রতিরোধমূলক কার্যক্রমে সুশীল সমাজ ও অন্যান্য অংশীজনদের আনুষ্ঠানিক কোনো জোটবদ্ধতা নাই |
| বিভিন্ন সংস্থার সঙ্গে কমিশনের প্রাতিষ্ঠানিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন | অন্যান্য প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে | এখনও আন্তঃবিভাগীয় সমন্বয়ে দুর্বলতা বিদ্যমান |
| জাতীয় শুদ্ধাচার ইউনিট ও নৈতিকতা কমিটি গঠন ও শক্তিশালীকরণে সহায়তা | জাতীয় শুদ্ধাচার ইউনিট ও নৈতিকতা কমিটি গঠিত হয়েছে | অর্জিত হয়েছে |
| দুদক কর্মকর্তা-কর্মচারীদের দুর্নীতি প্রতিরোধে মনিটরিং সেল প্রতিষ্ঠা | দুর্নীতি প্রতিরোধে মনিটরিং সেল বিদ্যমান | অর্জিত হয়েছে |
| অর্থসম্পদ পাচার রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ | আইনী কাঠামো তৈরি হয়েছে এবং কিছু ক্ষেত্রে পদক্ষেপ নেওয়া হয়েছে। যেমন, বিদেশে পাচারকৃত ২.০৪ মিলিয়ন সিঙ্গাপুর ডলার ও ০.৯৬ মিলিয়ন মার্কিন ডলার বাংলাদেশে ফেরত এসেছে এবং অর্থ পাচার অনুসন্ধান ও তদন্ত সংখ্যা পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে | প্রয়োগে প্রতিবন্ধকতা থাকায় বিদেশে পাচারকৃত অর্থ উদ্ধারে সাফল্য সংখ্যা কম |

# স্থানীয় সরকার

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে সম্পদ বরাদ্দ বৃদ্ধি করা | সম্পদ বরাদ্দ বৃদ্ধিতে উদ্যোগ রয়েছে | নিজস্ব আর্থিক সক্ষমতা তৈরি না হওয়ায় কেন্দ্রীয় সরকারের ওপর অতিরিক্ত নির্ভরতা আবার সরকার থেকে প্রয়োজনের তুলনায় কম বরাদ্দ |
| স্থানীয় সরকারে সংসদ সদস্য ও সরকারি কর্মকর্তাদের ভূমিকা ও এখতিয়ার সুনির্দিষ্ট করা | নাই | উপজেলা ও জেলা পরিষদে সংসদ সদস্য ও সরকারি কর্মকর্তাদের প্রভাব ও এখতিয়ার সুনির্দিষ্টকরণে এখনও আইনী সংস্কার করা হয়নি |
| স্থানীয় সরকারের প্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণ | দেশে ও বিদেশে নিয়মিত প্রশিক্ষণে অংশগ্রহণ ও অভিজ্ঞতা বিনিময় যা কর্মসম্পাদনে সহায়ক হচ্ছে | চলমান |

# রাজনৈতিক দল

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| গণপ্রতিনিধিত্ব আইন অনুসরণে দলসমূহের গঠনতন্ত্র বাস্তবায়ন | নির্বাচন কমিশনের সাথে নিবন্ধিত রাজনৈতিক দলগুলো গঠনতন্ত্র সংশোধন করেছে | দলের অভ্যন্তরে গঠনতন্ত্র অনুযায়ী প্রত্যাশিত পর্যায়ের গণতন্ত্র চর্চার ঘাটতি রয়েছে |
| প্রার্থী মনোনয়ন ও দলীয় তহবিল ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়ন | রাজনৈতিক দলগুলোর নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন নির্বাচন কমিশনে জমাদান | প্রার্থী মনোনয়ন প্রক্রিয়ায় কেন্দ্রীয় সিদ্ধান্ত এবং অর্থের প্রভাব বিরাজমান এবং দলীয় তহবিল ব্যবস্থাপনায় পরিপূর্ণ স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠিত হয়নি |
| ট্রেড ইউনিয়ন, সুশীল সমাজ ও পেশাজীবী প্রতিষ্ঠানসমূহের সঙ্গে রাজনৈতিক দলের পরামর্শ উৎসাহিতকরণ | রাজনৈতিক দলগুলো তাদের মতাবলম্বী ট্রেড ইউনিয়ন, পেশাজীবী সংগঠনসমূহের সাথে বিভিন্ন ইস্যুতে আলোচনা করে | রাজনৈতিক দল বা নির্বাচন কমিশনের পক্ষ থেকে এ বিষয়ে সুনির্দিষ্ট উদ্যোগের অভাব রয়েছে |

# বেসরকারি খাতের শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| মাল্টিলেভেল মার্কেটিং ব্যবসার ক্ষেত্রে আইনি কাঠামো প্রতিষ্ঠা | মাল্টিলেভেল মার্কেটিং কার্যক্রম নিয়ন্ত্রণ আইন ২০১৩ প্রণীত | অর্জিত হয়েছে |
| ব্যবসায় স্বনিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা | চেম্বার এবং ব্যবসায়ী গোষ্ঠীসমূহ স্বনিয়ন্ত্রণে সোচ্চার | খুব কমক্ষেত্রেই আইন লঙ্ঘনকারী ব্যবসায়ীর বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হয় |
| ঋণখেলাপিদের বিরুদ্ধে দেউলিয়া আইনের কার্যকর প্রয়োগ | খুব কম  হলেও কিছুক্ষেত্রে দেউলিয়া আইনের প্রয়োগ হচ্ছে | চলমান |
| ব্যবসায় প্রতিযোগিতা আইনের সুষ্ঠু বাস্তবায়ন | প্রতিযোগিতা আইন ২০১২ প্রণীত | জাতীয় প্রতিযোগিতা কমিশন প্রতিষ্ঠিত হয়নি |
| কর্পোরেট পরিচালনা বিধি লঙ্ঘনকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ | আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে কিছু ক্ষেত্রে পদক্ষেপ নেওয়া হয় | দেশে এখনও কর্পোরেট গভর্নেন্স-এর সংস্কৃতি তৈরি হয়নি এবং স্বচ্ছ নীতি অনুসরণ করে আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হয় না |
| ভোক্তা অধিকার আইনের সুষ্ঠু বাস্তবায়ন | ভোক্তা অধিকার আইন ২০০৯ প্রণীত এবং খাদ্যে ভেজাল প্রতিরোধের লক্ষ্যে একটি উপ-কমিটি গঠিত | বাস্তবায়নে অগ্রগতি কম |
| ইনসিওরেন্স ডেভেলপম্যান্ট অ্যান্ড রেগুলেটরি অথরিটি'র কার্যক্রম জোরদার করা | ইনসিওরেন্স ডেভেলপম্যান্ট অ্যান্ড রেগুলেটরি অথরিটি'র কার্যক্রম চলমান | ইনসিওরেন্স কোম্পানির স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিতে এখনও কার্যকর পদক্ষেপ নিতে পারছে না |

# এনজিও ও সুশীল সমাজ

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| এনজিওদের প্রাতিষ্ঠানিক কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা আনয়ন | কিছু এনজিও নিজ ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করে | জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নে সার্বিক কোনো কাঠামো বা পদ্ধতি তৈরি করা হয়নি |
| সরকারি নীতিনির্ধারণমূলক কর্মকাণ্ডের বিষয়ে এনজিও'র সঙ্গে অধিকতর মিথস্ক্রিয়ার সুযোগ সৃষ্টি | - সরকারি প্রতিষ্ঠানসমূহ কোনো কোনো এনজিও প্রতিনিধিদের সাথে মতবিনিময় করে<br>- এনজিও খাতের জন্য বিস্তারিত কর্মপরিকল্পনার খসড়া প্রণয়নে প্রধানমন্ত্রীর কার্যালয় এবং এনজিও বিষয়ক ব্যুরোর উদ্যোগে কয়েকটি এনজিও সহায়তা করেছে এবং উক্ত খসড়ার ওপর মতামত গ্রহণের জন্য ওয়েবসাইটে উন্মুক্ত করা হয়েছে | জিও ও এনজিও'র যৌথ প্রচেষ্টার মাধ্যমে একটি সুনির্দিষ্ট কাঠামো প্রণয়নের উদ্যোগ চলমান |

# পরিবার

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে মাতাপিতাদের মতবিনিময়ের আয়োজন করা | কিছু ক্ষেত্রে শিক্ষাপ্রতিষ্ঠান মাতাপিতাদের সাথে মতবিনিময়ের আয়োজন করে | সকল ধরনের বিদ্যালয়ে এ ধরনের মতবিনিময় সভা হয় না। এছাড়া শুদ্ধাচারের বিষয়টি অগ্রাধিকারমূলকভাবে আলোচিত হয়না |
| শিশু-কিশোর ও তরুণ-তরুণীদের স্বেচ্ছাসেবা, দেশপ্রেম ও জনসেবামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ উৎসাহ ও সহায়তা প্রদান | সরকারি ও বেসরকারি পর্যায়ে এ সংক্রান্ত উদ্যোগ রয়েছে | শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের আওতায় সুনির্দিষ্ট ও ব্যাপকভিত্তিক কোনো পদক্ষেপ দৃশ্যমান নয় |
| শিক্ষাগত ও পেশাগত উন্নয়ন বিষয়ে কমিউনিটিভিত্তিক শিশু ও যুবকল্যাণ কেন্দ্রসমূহকে সহায়তা দান | নাই | স্থানীয় সংস্থা, কমিউনিটিভিত্তিক শিশু ও যুবকল্যাণ কেন্দ্রসমূহ এবং স্থানীয় সরকারের প্রতিনিধি এবং অন্যান্য অংশীজনদের এ বিষয়ে সুনির্দিষ্ট কোনো পদক্ষেপ নাই |

# গণমাধ্যম

| কর্মপরিকল্পনা | উল্লেখযোগ্য অর্জন/অগ্রগতি | পর্যবেক্ষণ |
|---|---|---|
| পক্ষপাতহীন ও স্বচ্ছ সরকারি বিজ্ঞাপন নীতি অনুসরণ | সরকারি বিজ্ঞাপন নীতি রয়েছে | অনেকক্ষেত্রে সরকারি বিজ্ঞাপন নীতি অনুসরণ না করে রাজনৈতিক বিবেচনায় বিজ্ঞাপন দেওয়া হয় এবং সরকারি বিজ্ঞাপন নীতি হালনাগাদ করা হয়নি |
| গণমাধ্যমে শুদ্ধাচার নিশ্চিতকরণ | জাতীয় প্রেস কাউন্সিল কর্তৃক গণমাধ্যম কর্মীদের জন্য আচরণবিধি রয়েছে | প্রয়োগ ও পরিবীক্ষণ ব্যবস্থা দুর্বল |
| সংবাদকর্মীদের সংবাদ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও পরিবেশনার ক্ষেত্রে পেশাগত দক্ষতার উন্নয়ন | সংবাদকর্মীদের জন্য সরকারি (পিআইবি) ও বেসরকারি পর্যায়ে নানা প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে | পিআইবি'র জনবল সংকট ও বাজেট স্বল্পতা রয়েছে, প্রশিক্ষণের জন্য যুগোপযোগী প্রশিক্ষণ ম্যানুয়েল নাই |
| সাংবাদিকদের জন্য নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি | সুনির্দিষ্ট উদ্যোগ নাই | সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনে ঝুঁকির সম্মুখীন হতে হয় |
| গণমাধ্যমের 'ওয়াচডগ' হিসেবে প্রেস কাউন্সিলের ভূমিকা জোরদারকরণ | নাই | প্রেস কাউন্সিলের আইনী সীমাবদ্ধতা সহ পর্যাপ্ত জনবল, আর্থিক বরাদ্দ ও লজিস্টিকস-এর ঘাটতি রয়েছে |
| তথ্য অধিকার আইন প্রয়োগ | আইন প্রণীত ও তথ্য কমিশন প্রতিষ্ঠিত হওয়ায় সকলের তথ্য প্রাপ্তির সুযোগ সৃষ্টি এবং মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে তথ্য অধিকার ও তথ্য প্রকাশ সংক্রান্ত উপ-কমিটি গঠিত | চলমান |

# উল্লেখযোগ্য মধ্য ও দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়নে পদক্ষেপ

১. সিভিল সার্ভিস আইনের খসড়া প্রণীত হলেও মন্ত্রিপরিষদের অনুমোদন পায়নি

২. বেসরকারি বিল হিসেবে সংসদ সদস্যদের জন্য আচরণবিধি সংসদে উত্থাপিত হলেও তা অনুমোদিত হয়নি

৩. সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগের উদ্দেশ্যে মনোনয়নের জন্য একটি খসড়া নীতিমালা আইন মন্ত্রণালয়ে বিবেচনাধীন রয়েছে

৪. নির্বাচন কমিশন কর্তৃক কমিশনারদের নিয়োগ ও সুবিধা সম্পর্কে একটি খসড়া প্রস্তাব করা হলেও সরকার তা বিবেচনায় নেয়নি

৫. অ্যাটর্নি সার্ভিসেস আইনের খসড়া হলেও তা এখনও অনুমোদিত হয়নি

৬. সরকারি কর্ম কমিশনের সভাপতি ও সদস্যদের মনোনয়ন নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়নি

# উল্লেখযোগ্য মধ্য ও দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়নে পদক্ষেপ (চলমান)

৭. নিরীক্ষা আইনটি চূড়ান্ত না হওয়ায় সিএজি কার্যালয়ের স্বশাসনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা নেওয়া সম্ভব হচ্ছে না

৮. দুদকের কার্যক্রমের অধিকতর নিরপেক্ষতা ও দায়বদ্ধতা নিশ্চিত করার লক্ষ্যে দুদকের তথ্য উন্মুক্ততা বৃদ্ধি, তদন্ত ও মামলার সংখ্যা বৃদ্ধি ইত্যাদি উল্লেখযোগ্য। তবে রাজনৈতিক বিবেচনায় কমিশনার নিয়োগ এবং মামলা দায়ের ও প্রত্যাহারের অভিযোগ রয়েছে

৯. স্থানীয় সরকার সার্ভিস বিধি প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়নি

১০. রাজনৈতিক দলের আচরণ সম্পর্কে সম্মত বিধি প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়নি

১১. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা উন্নয়নে কিছু এনজিও স্বতঃপ্রণোদিত হয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করলেও এজন্য সার্বিক কোনো কাঠামো বা পদ্ধতি নাই

১২. জাতীয় ও স্থানীয় পর্যায়ে তথ্য কমিশনের নিজস্ব সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ও দৃশ্যমান উদ্যোগ গ্রহণ করা হয়নি

# জাতীয় শুদ্ধাচার কৌশলপত্রের উল্লেখযোগ্য সবল দিক

১. দেশে দুর্নীতির ব্যাপকতা বিবেচনায় দুর্নীতি বিরোধী কার্যক্রমকে জোরদার করতে সরকারের সমন্বিত প্রচেষ্টার ওপর গুরুত্ব আরোপ

২. রাষ্ট্র ও সমাজে সুশাসন ও শুদ্ধাচার প্রতিষ্ঠার গুরুত্ব প্রতিফলিত

৩. দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিষ্ঠায় বিভিন্ন প্রতিষ্ঠানের চলমান কার্যক্রম ও সংস্কার-উদ্যোগের মধ্যে সমন্বয় সাধনের বিষয়টি গুরুত্ব পেয়েছে

৪. নৈতিকতা ও মূল্যবোধের উন্নয়ন সাধনের বিষয়টিকে প্রাধান্য দেওয়া হয়েছে

৫. রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের পাশাপাশি অরাষ্ট্রীয় প্রতিষ্ঠান বিশেষত পরিবার, শিক্ষা-প্রতিষ্ঠানের ওপর বিশেষ গুরুত্ব প্রদান

৬. প্রতিষ্ঠানভিত্তিক আলোচনায় প্রতিষ্ঠানের চ্যালেঞ্জসমূহ গুরুত্বের সাথে বিবেচনায় এনে সে অনুযায়ী সুপারিশ ও কর্মপরিকল্পনা দেওয়া হয়েছে এবং এটি বাস্তবায়নে কয়েক স্তর বিশিষ্ট বাস্তবায়ন কাঠামো দেওয়া হয়েছে

৭. বিভিন্ন গুরুত্বপূর্ণ আইন প্রণয়ন ও আইনী সংস্কারের কথা বলা হয়েছে

৮. রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের জনবল বৃদ্ধি, তাদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির বিষয়টি গুরুত্ব পেয়েছে

৯. সর্বক্ষেত্রে তথ্যপ্রযুক্তির ব্যবহার বৃদ্ধির বিষয়টিকে গুরুত্ব দেওয়া হয়েছে

১০. প্রতিষ্ঠানসমূহের স্বাধীনতা, নিরপেক্ষতা, দায়বদ্ধতা, কার্যকরতা নিশ্চিতকরণে গুরুত্ব আরোপ

১১. সাংবিধানিক বাধ্যবাধকতার প্রেক্ষিতে ন্যায়পাল প্রতিষ্ঠার জন্য এটিকে কৌশলপত্রে অন্তর্ভুক্ত

# জাতীয় শুদ্ধাচার কৌশলপত্রের উল্লেখযোগ্য ঘাটতি

১. প্রতিষ্ঠানভিত্তিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় এ সম্পর্কিত মৌলিক সূচকসমূহ যেমন, স্বচ্ছতা, জবাবদিহিতা, অংশগ্রহণ, সংবেদনশীলতা, ন্যায়পরায়ণতা সকলক্ষেত্রে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়নি

২. কৌশলপত্রের পটভূমিতে দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিষ্ঠার কথা একাধিকবার বলা হলেও দুদক ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানের আলোচনায় চলমান দুর্নীতি রোধে অগ্রাধিকারমূলক কোনো কার্যক্রম নাই

৩. জাতীয় শুদ্ধাচার ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ কিছু প্রতিষ্ঠানকে যেমন, তথ্য কমিশন, জাতীয় মানবাধিকার কমিশন, জাতীয় রাজস্ব বোর্ড কৌশলপত্রে অন্তর্ভুক্ত করা হয়নি

৪. নির্বাহী বিভাগের অধীনে আইন-শৃঙ্খলারক্ষাকারী বাহিনী ও সামরিক বাহিনী থাকলেও তাদের গুরুত্ব বিবেচনায় পৃথক প্রতিষ্ঠান হিসেবে জাতীয় শুদ্ধাচার কৌশলপত্রে অন্তর্ভুক্ত করা হয়নি

৫. আমাদের সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপটে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে জাতীয় শুদ্ধাচার কৌশলে অন্তর্ভুক্ত করা হয়নি

৬. মন্ত্রণালয়ের অধীনস্থ অঙ্গপ্রতিষ্ঠানসমূহের কর্মপরিকল্পনা এবং অরাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের কর্মপরিকল্পনা বাস্তবায়ন পদ্ধতি সম্পর্কে কোনো সুনির্দিষ্ট নির্দেশনা নাই

৭. দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ/প্রতিষ্ঠানের কর্মপরিকল্পনা বাস্তবায়নের এখতিয়ার/সক্ষমতা অনেকক্ষেত্রে মূল্যায়ন করা হয়নি

৮. শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্য বাস্তবায়নে ভবিষ্যৎ কর্মপরিকল্পনার স্থলে অধিকাংশক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহের চলমান ও নিয়মিত কার্যক্রমকেই কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে

# জাতীয় শুদ্ধাচার কৌশলপত্রের উল্লেখযোগ্য ঘাটতি (চলমান)

৯. বাস্তবায়নের অগ্রগতি, পরিবীক্ষণ ও পর্যালোচনার বিষয়টি কৌশলপত্রে খুবই সংক্ষিপ্ত এবং অপূর্ণাঙ্গ

১০. অনেকক্ষেত্রে সুপারিশের সাথে কর্মপরিকল্পনার সামঞ্জস্যতা নাই

১১. প্রতিষ্ঠানভিত্তিক আলোচনায় কিছু গুরুত্বপূর্ণ সুপারিশ করা হয়নি

১২. প্রতিষ্ঠানসমূহের চ্যালেঞ্জ হতে উত্তরণ সম্পর্কে কৌশলপত্রে কোনো দিকনির্দেশনা নাই

১৩. কৌশলপত্রে উল্লিখিত কর্মপরিকল্পনা অর্জনে নির্ধারিত সময় অনেকক্ষেত্রে সুস্পষ্ট নয় এবং কর্মসূচি বাস্তবায়নে নির্ধারিত সময় কিছুক্ষেত্রে বাস্তবসম্মতও নয়

১৪. কিছু কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে আলোচনা না করে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে

১৫. কৌশলপত্রে ন্যায়পাল, রাজনৈতিক দল, পরিবার ও গণমাধ্যমের বিষয়ে সুপারিশ ও কর্মপরিকল্পনার উল্লেখ থাকলেও কর্মপরিকল্পনার বাস্তবায়ন ও পরিবীক্ষণ সম্পর্কে সুস্পষ্ট দিক-নির্দেশনা নাই

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে চ্যালেঞ্জ

১. শুদ্ধাচার বাস্তবায়নাধীন প্রতিষ্ঠানসমূহে আর্থিক বরাদ্দ ও কারিগরি সহায়তার অভাব
২. অংশীজনদের মধ্যে শুদ্ধাচার সম্পর্কিত সচেতনতার অভাব
৩. শুদ্ধাচার বাস্তবায়নে আন্তঃমন্ত্রণালয় সমন্বয়ের অভাব
৪. কর্মপরিকল্পনা বাস্তবায়নের প্রশাসনিক বাধ্যবাধকতাকে প্রতিষ্ঠানসমূহের অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্ব না দেওয়া
৫. ফোকাল পয়েন্টদের বদলী/ভিন্ন পদে পদায়ন
৬. বাস্তবায়ন ইউনিটের জনবল ও লজিস্টিকস-এর স্বল্পতা
৭. নৈতিকতা কমিটি গঠন ও ফোকাল পয়েন্ট নিযুক্ত না হওয়া
৮. নৈতিকতা কমিটির এখতিয়ার সুনির্দিষ্ট নয় এবং তাদের সক্রিয়তার অভাব
৯. মূল দায়িত্বের চাপে বা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের বিনানুমতিতে নৈতিকতা কমিটি নিয়মিত সভা করতে না পারা
১০. নৈতিকতা কমিটি কর্তৃক প্রতিবেদন প্রেরণ না করা বা দীর্ঘসূত্রতা

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে চ্যালেঞ্জ (চলমান)

১১. জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের বৈঠক নিয়মিত না হওয়া
১২. জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটের এখতিয়ার ও সক্রিয়তার অভাব
১৩. বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনস্থ অঙ্গপ্রতিষ্ঠানের জন্য ভিন্ন ভিন্ন কর্মপরিকল্পনা প্রণয়ন
১৪. শুদ্ধাচার বাস্তবায়নে বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সরকারি প্রতিষ্ঠানের সমন্বয়হীনতা
১৫. অংশীজনদের মধ্যে কৌশলপত্রের মূল লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে ভিন্ন ভিন্ন ধারণা
১৬. স্বল্পমেয়াদী কার্যক্রমের সময়সীমা শেষ হলেও এখনও তার মূল্যায়ন না হওয়া
১৭. শুদ্ধাচারে উল্লিখিত দায়িত্বপ্রাপ্ত এবং সহায়তাকারী সংস্থার মধ্যে সমন্বয়ের অভাব
১৮. প্রতিষ্ঠানভিত্তিক চ্যালেঞ্জ, সুপারিশ ও কর্মপরিকল্পনা সম্পর্কে অংশীজনদের মধ্যে সচেতনতার অভাব

# সুপারিশ

১. সরকারি ও বেসরকারি পর্যায়ে সকল অংশীজনদের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কে ব্যাপক প্রচার করতে হবে

২. জনবল বৃদ্ধি, পর্যাপ্ত লজিসটিকস সরবরাহ, প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটকে প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালী করতে হবে

৩. যে সকল প্রতিষ্ঠানে নৈতিকতা কমিটি ও শুদ্ধাচার বাস্তবায়ন কমিটি গঠিত হয়নি এবং ফোকাল পয়েন্ট নির্ধারিত হয়নি তা দ্রুত সম্পন্ন করতে হবে

৪. সকল অরাষ্ট্রীয় প্রতিষ্ঠানে শুদ্ধাচার বাস্তবায়নের প্রয়োজনীয় পদ্ধতি চূড়ান্ত করতে হবে

৫. আর্থিক বরাদ্দ এবং নিয়মিত প্রতিবেদন প্রণয়নের বিধান রেখে নৈতিকতা কমিটির কার্যক্রমকে প্রশাসনিক কার্যক্রমের আওতায় আনতে হবে

# সুপারিশ (চলমান)

৬. জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ, নির্বাহী কমিটি এবং প্রতিষ্ঠানভিত্তিক নৈতিকতা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হতে হবে

৭. জাতীয় শুদ্ধাচার ব্যবস্থার সকল স্তম্ভ এবং গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানকে যেমন, তথ্য কমিশন, মানবাধিকার কমিশন, জাতীয় রাজস্ব বোর্ড, আইন-শৃঙ্খলারক্ষাকারী বাহিনী, সামরিক বাহিনীকে কৌশলপত্রে অন্তর্ভুক্ত করতে হবে

৮. রাষ্ট্রীয় ও অরাষ্ট্রীয় প্রতিষ্ঠানের কর্মপরিকল্পনায় শুদ্ধাচারের প্রধান সূচক এবং দুর্নীতি রোধের বিষয়টিকে অগ্রাধিকার ভিত্তিতে অন্তর্ভুক্ত করতে হবে

৯. শুদ্ধাচার প্রতিষ্ঠায় ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের গুরুত্ব বিবেচনায় এনে জাতীয় শুদ্ধাচার কৌশলে তা অন্তর্ভুক্ত করতে হবে

১০. জাতীয় শুদ্ধাচার কৌশলটির চিহ্নিত চ্যালেঞ্জ, সুপারিশ ও কর্মপরিকল্পনার আলোকে এটিকে হালনাগাদ করতে হবে

# ধন্যবাদ